# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২১২৯৯২/ ১২৫০/২ /গাইবান্ধা-৭০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিধি মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান এবং অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে**

সূত্র :
(১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২১২৯৯১/গাইবান্ধা-৭০/১১০৫/৪; তারিখ: ১৯/০৯/২০১৯ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২১২৯৯১/গাইবান্ধা-৭০/১১৪৫/৪; তারিখ: ১৬/০১/২০২০ খ্রি.
(৩) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২১২৯৯২/গাইবান্ধা-৭০/১১৮৮; তারিখ: ১৮/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসার সভাপতি জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিনের বিরুদ্ধে ছাত্র-ছাত্রী ও অভিভাবক সদস্যগণের পক্ষ থেকে জনাব মো: শহিদুজ্জামান প্রধান (শহীদ) অত্র বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিন শোলাগাড়ী ঈদগাহ (আলিম) মাদ্রাসায় ২০০৯ সাল থেকে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। সভাপতি ও সুপার কমিটি সংক্রান্ত বিষয়ে কোন ধরণের প্রচার-প্রচারণা ছাড়া গোপনে অত্যন্ত সু-কৌশলে কমিটি গঠন করে অনুমোদন নিয়েছেন। অভিযোগের প্রেক্ষিতে সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধাকে সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার গোবিন্দগঞ্জ, গাইবান্ধা সরেজমিনে তদন্তপূর্বক যে প্রতিবেদন প্রেরণ করেন তা পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষ কমিটি গঠনে ভূয়া ও জাল কাগজপত্র প্রস্তুত করে মাদ্রাসা বোর্ড হতে কমিটির অনুমোদন নিয়েছেন। অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত অনুমোদিত কমিটি ভেঙ্গে দেয়া হবে না এবং কেন অধ্যক্ষের বিরুদ্ধে এম,পি,ও বাতিলের সুপারিশ সহ বিভাগীয় শাস্তিমূলক ব্যাবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে প্রেরনের জন্য মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ মিনহাজ উদ্দিন-কে সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। মাদ্রাসা প্রধান উক্ত পত্রের প্রেক্ষিতে যে জবাব দাখিল করেছেন তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজন নয় মর্মে প্রতীয়মান হয়। ইতোমধ্যে মাদ্রাসা প্রধান তার বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগটি উদ্দেশ্যপ্রণোদিত হয়েছে মর্মে উচ্চতর তদন্তের জন্য পর পর দুটি অভিযোগ দাখিল করেন। তার অভিযোগ দুটি আমলে নিয়ে উচ্চতর তদন্তের জন্য জেলা প্রশাসক, গাইবান্ধাকে সূত্রোক্ত ০৪ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। জেলা প্রশাসক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী জনাব শহিদুজ্জামান প্রধান (শহীদ) মাদ্রাসার সভাপতি জনাব মোঃ তৌহিদুল ইসলাম শাহীন এবং মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ মিনহাজ উদ্দিন সরদারের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষা বোর্ডে যে অভিযোগ (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি মাদ্রাসার সভাপতি এবং অধ্যক্ষ গোপনে সুকৌশলে ভুয়া ও জাল কাগজপত্র প্রস্তুত করে বোর্ড হতে অনুমোদন নিয়েছে) আনয়ন করেছেন তা সম্পূর্ণ সত্য। অত্র বোর্ডের পরিদর্শন শাখায় রক্ষিত নথি যাচাইঅন্তে দেখা যায়, কৃষি শিক্ষা বিষয়ক শিক্ষক জনাব মো: মিনহাজ উদ্দিন বিগত ০৯/১০/২০০৩ খ্রি. তারিখে অত্র মাদ্রাসায় যোগদান করে ০১/০১/২০০৪ খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত হয়েছেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) আলোকে আলিম মাদ্রাসা অধ্যক্ষ পদের জন্য উপাধ্যক্ষ/সহকারি অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতা এবং প্রভাষক হিসেবে (আরবি বিষয়সমূহে) ০৯ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা দাখিল মাদ্রাসার সুপার হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা এবং (আরবি বিষয়সমূহে) ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার বিধান রয়েছে। কিন্তু উক্ত মাদ্রাসার বর্তমান অধ্যক্ষ আরবি বিষয়ক শিক্ষক ছিলেন মর্মে প্রতীয়মান হয় না।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তাদ্বয়ের মতামত ও মাদ্রাসা প্রধানের কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায়-

(ক) অবৈধভাবে অধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করায় তাঁকে অধ্যক্ষ পদ থেকে অপসারণ করে বিধি মোতাবেক উপাধ্যক্ষ অথবা উপাধ্যক্ষের অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো। এবং;

(খ) অভিযুক্ত অধ্যক্ষ কর্তৃক বিধি বহির্ভূত ভাবে গভার্ণিং বডি অনুমোদন করায় কেন উক্ত অনুমোদিত কমিটি ভেঙ্গে দেয়া হবে না পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৩.০৪.২১

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা,
ডাকঘর: কোচাশহর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২১২৯৯২/ ১২৫০/২ /গাইবান্ধা-৭০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাইস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা;
২. জেলা প্রশাসক, গাইবান্ধা;
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৪. সভাপতি, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা, কোচাশহর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৫. উপাধ্যক্ষ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা, কোচাশহর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৬. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১৩/৪/২১

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd